



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১০৩৬

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য ডিআরটিসির মাধ্যমে মোট ২১৭৪ মে.টন সংগৃহীত বোরো'২১ আতপ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ০৫/১০/২০২১ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২১-৩৩৪৫ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংগ্রহ প্রবণ বিভিন্ন সিদ্ধ ভোক্তা জেলার এলএসডিসমূহে বোরো'২১ মৌসুমে সংগৃহীত আতপ চালের মজুত রয়েছে। উক্ত জেলাসমূহে মজুতকৃত আতপ চাল নিষ্পত্তির সম্ভাবনা না থাকায় যে সকল এলএসডিতে ধারণক্ষমতার অতিরিক্ত খাদ্যশস্য মজুত আছে সেসকল এলএসডি হতে চলাচল সূচি জারির অনুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর ও নোয়াখালী জেলার এলএসডিসমূহে আতপ চাল বিলি বিতরণের খাত না থাকায় এবং খাগড়াছড়ি, বান্দরবান, রাজামাটি, কক্সবাজার জেলার এলএসডিসমূহে বিভিন্ন খাতে বিলি বিতরণের লক্ষ্যে মোট ২১৭৪ মে.টন সংগৃহীত বোরো'২১ আতপ চাল ডিআরটিসির মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলো:

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে বোরো'২১ আতপ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র.নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	কুমিল্লা	চকবাজার এলএসডি	বান্দরবান	বান্দরবান এলএসডি	২০০	সংগৃহীত বোরো'২১ আতপ চাল	সড়ক পথ	
২.	ঐ	দৌলতগঞ্জ এলএসডি	খাগড়াছড়ি	খাগড়াছড়ি এলএসডি	৩০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	রাজামাটি	রাজামাটি এলএসডি	৪০০	ঐ	ঐ	
৪.	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ এলএসডি	কক্সবাজার	টেকনাফ এলএসডি	৮০০	ঐ	ঐ	
৫.	ঐ	সরাইল এলএসডি	ঐ	উখিয়া এলএসডি	১০০	ঐ	ঐ	
৬.	চাঁদপুর	শাহরাস্তি এলএসডি	ঐ	উখিয়া এলএসডি	২০০	ঐ	ঐ	
৭.	নোয়াখালী	বেগমগঞ্জ এলএসডি	খাগড়াছড়ি	দিঘীনালা এলএসডি	১৭৪	ঐ	ঐ	

				মোট =	২১৭৪			
--	--	--	--	-------	------	--	--	--

নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৪) এছাড়া ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেপিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

৭-১০-২০২১

মোঃ ফজলে রাস্কী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৫.১৯.১০৩৬/১(১৩)

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮

০৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর

- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কক্সবাজার, চট্টগ্রাম
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি, চট্টগ্রাম
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি, চট্টগ্রাম
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান, চট্টগ্রাম
- ১০) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নোয়াখালী, চট্টগ্রাম
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা, চট্টগ্রাম
- ১২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম
- ১৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁদপুর, চট্টগ্রাম



৭-১০-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপ-পরিচালক